

20/1/87

শিক্ষা বিভাগ

তারিখ 0.3.JAN 1987 ...
পৃষ্ঠা... ৬... কলাম... 4...



01

সরকারী কলেজ শিক্ষকদের নয়া সংগঠন

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষকদের একা প্রতিষ্ঠা ও দাবী আদায়ের লক্ষ্যে দুটি শিক্ষক সংগঠনকে এক করে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি নামে একটি সংগঠন গঠিত হয়েছে।

গত বৃহস্পতিবার জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সমিতির আহ্বায়িকা জাহান আরা বেগম একথা জানান।

এই সংগঠন পরিচালনার জন্যে ঢাকায় বেগম বদরুন্নেসা মহিলা কলেজের অধ্যক্ষা জাহান আরা বেগমকে আহ্বায়িকা ও গজারিয়া কলেজের জনাব মোরাজ্জম হোসেন খানকে নির্বাহী সচিব আহ্বায়ক এবং জনাব এ কে এম আলী রেজা ও আলী আকবর খানকে যুগ্ম আহ্বায়ক করে ১৪ সদস্য বিশিষ্ট একটি অন্তর্বর্তীকালীন আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে।

সাংবাদিক সম্মেলনে জাহানারা বেগম দেশের ১৪৩টি সরকারী কলেজের বিভিন্ন শূন্য পদের কথা উল্লেখ করে বলেন, বর্তমানে সারা দেশে অধ্যক্ষের ৬০টি, উপাধ্যক্ষের ৫৫টি, অধ্যাপকের ১৪০টিসহ প্রায় ৩ হাজার পদ দীর্ঘকাল ধরে শূন্য রয়েছে। তিনি বলেন, এ বিষয়ে বার বার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবগত করা সত্ত্বেও এখনো পর্যন্ত কোন কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

এনাম কমিটির রিপোর্টে শিক্ষা মন্ত্রণালয়ে শতকরা ৫০ ভাগি কাডার শিক্ষা অফিসারদের দ্বারা পরিচালিত হবার সুপারিশ থাকা সত্ত্বেও তা কার্যকর করা হয়নি বলে তিনি অভিযোগ করেন।